

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
সহকারী পরিচালক (বরিশাল)  
গাইড হাউস ভবন, নিউ বেইলী রোড, ঢাকা  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০.১৫.২৭.২৫.০৬

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩ বাংলা  
১৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ


বিষয়: কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলার বিভিন্ন মাদ্রাসায় ডিজি প্রতিনিধির স্বাক্ষর জাল করে নিয়োগ কার্যক্রম সম্পাদন করার বিষয়ে তদন্ত প্রসঙ্গে।

সূত্রঃ দৈনিক 'সমকাল' পত্রিকায় প্রকাশিত সংবাদ প্রকাশের তারিখ-১২ জানুয়ারি ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “মাদ্রাসা সুপারদের নিয়োগ সিন্ডিকেটঃ ডিজির প্রতিনিধি চিঠি জাল করে ২০ পদে ভুয়া এমপিও” শিরোনামে দৈনিক সমকাল পত্রিকায় ১২/০১/২০২৬ খ্রি. তারিখে একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে। প্রতিবেদনে বলা হয় যে, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলার বিভিন্ন মাদ্রাসায় নিয়োগ জালিয়াতির এক ভয়াবহ চিত্র ফুটে উঠেছে। ডিজি প্রতিনিধির চিঠি ও পদের অনুমোদন পত্র জাল করে একের পর এক ভুয়া নিয়োগ ও এমপিও করা হচ্ছে। গত ০৫ (পাঁচ) মাসে এই অসাধু প্রক্রিয়ায় অন্তত পাঁচ কোটি টাকা হাতিয়া নিয়েছে একটি সংঘবদ্ধ চক্র। প্রতিবেদনে বর্ণিত অভিযোগ তদন্তের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক ১৮ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখে ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬ নং স্মারকে জনাব মোহাম্মদ আরিফুর রহমান মজুমদার, উপ-পরিচালক (প্রশাসন) কে আহ্বায়ক করে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

তদন্ত কার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য, বড়ঘাটগমীর উদ্দিন মাদ্রাসা, সিরাজদিখান দাখিল মাদ্রাসা, বুড়িরহাট আব্দুস সাত্তার মন্ডল দাখিল মাদ্রাসা, কানুরাম সিদ্দীকীয়া দাখিল মাদ্রাসা ও পান্ছাপারা দাখিল মাদ্রাসার সুপারগনকে এবং ডাংরারহাট আজিজিয়া আলিম মাদ্রাসা, সুকদেব ফাজিল মাদ্রাসা ও রাজমাল্লীরহাট ফাজিল মাদ্রাসার প্রিন্সিপালদেরকে ২০২৫ খ্রিস্টাব্দের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত সময়কালে তাদের স্ব স্ব মাদ্রাসায় অনুষ্ঠিত নিয়োগ সংশ্লিষ্ট কাগজপত্রসহ এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম কে উক্ত নিয়োগ সংক্রান্ত তথ্যাদিসহ আগামী ২৩/০৪/২০২৬ খ্রি. তারিখ রোজঃ বৃহস্পতিবার, বেলাঃ ১১.০০ টায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশাসন) মহোদয়ের এর কক্ষে তদন্ত কমিটির নিকট স্বশরীরে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। সুপার, বড়ঘাটগমীর উদ্দিন মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
- ২। সুপার, সিরাজদিখান দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৩। সুপার, বুড়িরহাট আব্দুস সাত্তার মন্ডল দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৪। সুপার, কানুরাম সিদ্দীকীয়া দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৫। সুপার, পান্ছাপারা দাখিল মাদ্রাসার, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৬। প্রিন্সিপাল, ডাংরারহাট আজিজিয়া আলিম মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম...
- ৭। প্রিন্সিপাল, সুকদেব ফাজিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৮। প্রিন্সিপাল, রাজমাল্লীরহাট ফাজিল মাদ্রাসার, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম।


  
ড. মোঃ ইসমাইল হোসেন  
সহকারী পরিচালক (বরিশাল)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০.১৫.২৭.২৫.০৬

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩ বাংলা  
১৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও), রাজারহাট, কুড়িগ্রাম (লিখিত মতামত প্রদানের অনুরোধসহ)
- ৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

  
ড. মোঃ ইসমাইল হোসেন  
সহকারী পরিচালক (বরিশাল)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা